গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪৩.৯৯.০০৭.১৯-১৯৬

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৮ / ০৮ আগষ্ট ২০২১

# সভার নোটিশ

স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ই-গভর্নান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ই-গভর্নান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ এর ১.৪ অনুযায়ী ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ১২-০৮-২০২১ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকায় অনলাইনে (Meeting ID: 852 3039 1747, Passcode: 404084) অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বিগত অর্থবছরগুলোতে রেপ্লিকেশন/স্কেল আপ এর জন্য নির্বাচিত প্রকল্পসমূহ

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
☎- ৯৫৪০১৬২
ই-মেইল-monitor@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
২। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৭। যুগ্মসচিব (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮। উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৯। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১০। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১১। উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১২। উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৪। উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৫। সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৬ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১৭। ইনোভেশন অফিসার, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৮। ইনোভেশন অফিসার, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৯। ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
২০। ইনোভেশন অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
২১। ইনোভেশন অফিসার, নিপিড এণ্ড টিসি, মহাখালী, ঢাকা
২২। ইনোভেশন অফিসার, ট্রেমো, মহাখালী, ঢাকা
২৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ

<u>প্রকল্প উদ্ভাবকঃ</u>

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী
৩। আর এমও, ২৫০ বেড জেলা সদর হাসপাতাল, কক্সবাজার
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর
৬। মেডিকেল অফিসার, রাণীসংকৈল, ঠাকুরগাঁও
৭। জনাব মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮। আরএমও, ১০০ শয্যা জেলা হাসপাতাল, নরসিংদী
৯। সিভিল সার্জন, ফেনী
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা
১১। সিভিল সার্জন, বাগেরহাট
১২। সিভিল সার্জন, ভোলা
১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুর, লক্ষীপুর
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি
১৫। সিভিল সার্জন, নীলফামারী
১৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চিরির বন্দর, দিনাজপুর
১৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারি, লালমনিরহাট

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা

...

সভাপতি — মোঃ মুহিবুর রহমান
অতিরিক্ত সচিব

সভার তারিখ — ১২.০৮.২০২১ খ্রিঃ

সভার সময় — বেলা: ১১:০০ ঘটিকা।

স্থান — স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং ৩, কক্ষ নং ৩৩২)

উপস্থিতি — ...

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে চলতি অর্থবছরের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনার প্রথম সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, চলতি অর্থবছর হতে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ নামে নতুন আঙ্গিকে শুরু হচ্ছে। এই কর্মপরিকল্পনাকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি আরো বলেন, স্বাস্থ্য সেবাকে জনগণের দোরগোড়ায় সহজে পৌঁছে দিতে বিগত বছরগুলোতে নির্বাচিত উদ্ভাবনী প্রকল্পগুলোর স্কেলআপ করতে হবে। সেই সাথে নতুন নতুন উদ্ভাবনীর চর্চা অব্যাহত রাখতে হবে। সভাপতি সদস্য সচিব ও উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০৩. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৩.১ | **বিগত বছরগুলোতে নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ রেপ্লিকেশন/স্কেলআপ:** সভাপতি বিগত বছরগুলোতে শোকেসিংয়ের মাধ্যমে নির্বাচিত উদ্ভাবনী প্রকল্পগুলোর বর্তমান অবস্থা এবং রেপ্লিকেশন/স্কেলআপ এ চ্যালেঞ্জ তুলে ধরার জন্য অনলাইনে উপস্থিত সকল উদ্ভাবকগণকে অনুরোধ জানান।<br><br>**সরকারি হাসপাতালে বহি:বিভাগে সেবা সহজীকরণ:** প্রকল্পটির উদ্ভাবক ডা. এ কে এম শামছুদ্দিন। তিনি বর্তমানে অবসরপ্রাপ্ত। প্রকল্পটি বরিশাল জেলার উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি চলমান রয়েছে। তিনি প্রকল্পটি এন্ড্রয়েড এপ্লিকেশনের মাধ্যমে সারাদেশে ছড়িয়ে দিতে চান। তবে হতদরিদ্র মানুষের টিকিটের মূল্য মওকুফ ও পরীক্ষা নিরীক্ষা বিনামূল্যের করার বিষয়টি রেপ্লিকেশনে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে মর্মে ডাঃ মোঃ শওকত আলী জানান। প্রশাসন-৪ জানায়, হতদরিদ্রদের জন্য টিকিটের মূল্য মওকুফ ও শতভাগ বিনামূল্যে পরীক্ষা নিরীক্ষার জন্য অর্থমন্ত্রণালয়কে পত্র প্রেরণ করলেও তার কোন অগ্রগতি হয়নি। তবে ইনোভেশন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের এক সভায় মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর মৌখিকভাবে হতদরিদ্রদের টিকিটের মূল্য ও পরীক্ষা-নিরীক্ষার মূল্য স্থানীয় সমাজসেবা অফিস থেকে আবেদনের মাধ্যমে পরিশোধ করা হবে | ক) উদ্ভাবকগণ স্ব স্ব প্রকল্প সিটিকর্পোরেশনসহ সারাদেশে রেপ্লিকেশন বা স্কেল আপ করার কৌশল, বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ, চ্যালেঞ্জ উত্তরণের উপায় সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন করে স্বাস্থ্য সেবা বিভাগে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>খ) রেপ্লিকেশন ও স্কেল আপ সংশ্লিষ্ট সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে | প্রশাসন-৪ ও সংশ্লিষ্ট অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | মর্মে জানান।<br><br>**প্রবীণদের অগ্রাধিকার স্বাস্থ্য সেবা হেলথ কার্ড** : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ হাসান শাহরিয়ার কবীর, বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম। প্রকল্পটি ফেনী জেলার সদর উপজেলায় বাস্তবায়ন করা হয়। বর্তমানে একই জেলার দাগুন ভূঁইয়া উপজেলায় পাইলটিং চলছে। প্রকল্পটির মূল লক্ষ্য সকল প্রবীণদের স্বাস্থ্য সেবার আওতায় নিয়ে আসা। নিয়মিত ঔষধ সরবরাহ ও পরীক্ষা নিরীক্ষা করা। তাদের কমিউনিটি ডাটাবেজ তৈরি করা যা চলমান রয়েছে।<br>তিনি কমিউনিটি ক্লিনিক বেইজড ডাটাবেজ তৈরি করায় বড় চ্যালেঞ্জ বলে জানান।<br><br>**হাসপাতাল লন্ড্রি** : উদ্ভাবক ডাঃ পুচনু (অবসর প্রাপ্ত)। প্রকল্পটি কক্সবাজার জেলার ২৫০ বেড হাসপাতালে বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি চলমান রয়েছে। ডাঃ শাহিন আব্দুর রহমান চৌধুরী, আরএমও, ২৫০ বেড জেলা সদর হাসপাতাল, কক্সবাজার প্রকল্পটির দায়িত্বে রয়েছে। তিনি বলেন, হাসপাতালভিত্তিক লন্ড্রি চালু হলে সরকারের প্রচুর অর্থ সাশ্রয় হবে। ইনফেকশনের হার কমবে। তবে প্রাথমিক প্রতিস্থাপন খরচই প্রকল্পটির বড় চ্যালেঞ্জ মর্মে তিনি জানানো হয়।<br><br>**ইসিজি ও আল্ট্রাসনোগ্রাম সেবা প্রদানের উদ্যাগ** : প্রকল্পটির উদ্ভাবক ডা: মো: ফজলুল হক। প্রকল্পটি জামালপুর জেলার মেলান্দহে বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পটি আরো দুটি উপজেলায় রেপ্লিকেশন করা হয়েছে। ইসিজি ও আলট্রাসনোতে অভিজ্ঞ মেডিকেল অফিসার বদলী প্রকল্পটির জন্য বড় চ্যালেঞ্জ মর্মে জানান উদ্ভাবক। স্বাস্থ্য অধিদপ্তরের ফোকাল পয়েন্ট প্রকল্পটির স্কেলআপ করা সহজ মর্মে জানান।<br><br>**নিরাপদ প্রসব চাই, স্বাস্থ্য কেন্দ্রে চলো যাই** : প্রকল্পটির যৌথ উদ্ভাবক ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির ও ডাঃ শিহাব মাহমুদ শাহরিয়ার। প্রকল্পটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বীরগঞ্জ, দিনাজপুর ও রাণীশংকল, ঠাকুরগাঁওয়ে বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি বর্তমানে চলমান রয়েছে। এম আব্দুর রহিম মেডিকেল কলেজ ও হাসপাতালে প্রকল্পটি রেপ্লিকেশন করা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের অনেক উর্ধ্বতন কর্মকর্তা প্রকল্পটি পরিদর্শন করেছেন।<br><br>**ঔষধের বিরুপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য ওয়েরপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশন:**<br>প্রকল্পটির উদ্ভাবক মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক। প্রকল্পটি ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকায় বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি চলমান রয়েছে। শীঘ্রই ঔষধ প্রশাসন অধিদপ্তর প্রকল্পটি স্কেলআপ করবে। আইটি পারসনের স্বল্পতা প্রকল্পটির বড় চ্যালেঞ্জ মর্মে উদ্ভাবক জানান।<br><br>**হাসপাতাল ব্যবস্থাপনার উন্নয়ন** : প্রকল্পটির উদ্ভাবক ডা: এ এন এম মিজানুর রহমান, আবাসিক মেডিকেল অফিসার। প্রকল্পটি ১০০ শয্যা জেলা হাসপাতাল, নরসিংদীতে বাস্তবায়িত হয়। বিভিন্ন বিষয়ে বিভিন্ন রংয়ের ফাইল তৈরি করা হয়। যাতে জরুরী মূহুর্তে সঠিকভাবে চিকিৎসা দেয়া যায়। কালার কোডেড চেয়ার করা হয়েছে সাধারণ ও জরুরী রোগী | সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজন করতে হবে। |

পার্থক্য করার জন্য। আধুনিক কালার কোডের মাধ্যমে বর্জ ব্যবস্থাপনা করা হয়েছে। প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পটি রেপ্লিকেশন বা স্কেলআপ এ তেমন কোন চ্যালেঞ্জ নেই মর্মে উদ্ভাবক জানান।

**জনগণের অংশগ্রহণে দুর্গম অঞ্চলে স্বাস্থ্য সেবা** : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ মাহমুদুর রশিদ। ভোলা জেলার মনপুরা উপজেলায় বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি বর্তমানে চলমান রয়েছে। আশে পাশের চরাঞ্চলে প্রকল্পটির রেপ্লিকেশন হয়েছে মর্মে ডাঃ মাহমুদুর রশিদ জানান। পরবর্তী কর্মকর্তা কর্তৃক প্রকল্পটি চলমান রাখায় সবচেয়ে বড় চ্যালেঞ্জ হিসাবে ধরা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের ফোকাল পয়েন্ট জানান অনেকে নৌ অ্যাম্বুলেন্সের জ্বালানী খরচ যোগাড় করতে হিমসিম খাচ্ছেন। তবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সভিত্তিক অপারেশনাল প্ল্যানের মাধ্যমে জ্বালানী খরচ দেওয়া হচ্ছে।

**ক্লিন হসপিটাল ডে- পালন শ্লোগানঃ** হাসপাতাল আমার বাড়ী, পরিচ্ছন্ন হাসপাতাল গড়ি : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ রথীন্দ্র নাথ মজুমদার (অবসর প্রাপ্ত)। ডাঃ কে এম শফিকুজ্জামান, সিভিল সার্জন, ভোলা বর্তমানে প্রকল্পটির দায়িত্বে রয়েছে। জনবলের স্বল্পতা, অ্যাম্বুলেন্স রক্ষণাবেক্ষণ প্রকল্পটির সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

**প্রাতিষ্ঠানিক প্রসব বাড়ানো** : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ মোঃ জাকির হোসেন ও ডাঃ নুয়েন খীসা। প্রকল্পটি যৌথভাবে বাস্তবায়িত হয় লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলায় ও রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায়। প্রকল্পটি বর্তমানে চলমান রয়েছে। মোবাইল এপ্লিকেশন করার প্রচেষ্টা চলছে।

**ডিজিটাল বালার মাধ্যমে গর্ভকালীন সেবা** : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির (বর্তমানে সিভিল সার্জন, নীলফামারী)। প্রকল্পটি দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলায় বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি বর্তমানে তাকিন্দা স্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে দিনাজপুরে চলছে। নীলফামারীতে প্রকল্পটি স্কেলআপ করা চেষ্টা চলছে।

**পুষ্টি ট্রে** : প্রকল্পটির উদ্ভাবক ডাঃ মোঃ আজমল হক। প্রকল্পটি দিনাজপুর জেলার চিরির বন্দর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি চলমান রয়েছে। তিনি আইপিএইচএন এর মাধ্যমে প্রকল্পটি রেপ্লিকেশন করতে অনুরোধ জানান। এছাড়া, বিভিন্ন প্রশিক্ষণে পুষ্টি ট্রে অন্তর্ভূক্ত করার আহবান জানান।

এছাড়া, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে **দাপ্তরিক চিঠিপত্র অগ্রগতি সহজিকরণ** প্রকল্পটি ২০১৯ সালে অনুষ্ঠিত শোকেসিংয়ে পুনরায় পাইলটিং জন্য বলা হয়। প্রকল্পটির উদ্ভাবক শাহীনুর বেগম। মোঃ নাসির উদ্দিন, উপসচিব, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর প্রকল্পটির বর্তমান অবস্থা অনলাইনে তুলে ধরে জানান যে, সেবা সহজিকরণে হেল্প ডেস্ক সেটআপ করা হয়েছে। হেল্প ডেস্ক ইনচার্জ ও ২ জন সহকারী স্টাফ মনোনয়ন দেয়া হয়েছে। তারা চিঠিপত্র বাছাই করে নির্ধারিত রেজিস্ট্রার লিপিবদ্ধ করে নির্দিষ্ট স্থানে পৌছে দেয়। প্রকল্পটি বর্তমানে চলমান রয়েছে মর্মে তিনি জানান।

সভার এজেন্ডা মোতাবেক শোকেসিংয়ের মাধ্যমে নির্বাচিত প্রকল্পগুলোর বর্তমান অবস্থা, রেপ্লিকেশন ও স্কেল আপের চ্যালেঞ্জ এবং পরবর্তীতে

| | | | |
|---|---|---|---|
| | করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে সভাপতি প্রকল্পগুলো রেপ্লিকেশন ও স্কেল আপের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন যার আলোকে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | | |

০৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মুহিবুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.৯৩.০০১.১৯.৩৩

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮
২৫ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব